

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ভবন নং-৪, ৫ম তলা)
www.coa-revenue.gov.bd

নথি নং- ৩১.০৫.০০০০.৭৯১.১১.০১৯.২১-৯৬৭

তারিখ : ০৫/০৯/২০২২খ্রি:।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৩৫.৬৮.২৯৩.২১.১৬১৩ তারিখ : ১৫/১১/২০২১খ্রি: ও ৩০ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দের মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের শূণ্য পদে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (<http://coarevland.teletalk.com.bd> ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

ক্রমিক নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১.	নিরীক্ষক (রাজস্ব) গ্রেড - ১১ (১২৫০০ - ৩০২৩০)	১২ (বার) টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। তবে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।	(ক) সরকারি/বেসরকারি এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীগণের ক্ষেত্রে সকল জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	অফিস সহকারী-কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড - ১৬ (৯৩০০ - ২২৪৯০)	০৪ (চার) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) ইংরেজি ২০ শব্দ ও বাংলা ২০ শব্দ।	(খ) জেলাসমূহ : ঢাকা, গাজীপুর, নরসিংদী, রাজবাড়ী, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, খাগড়াছড়ি, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, বগুড়া, রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, পঞ্চগড়, খুলনা, যশোর, ঝিনাইদহ, মাগুরা, বাগেরহাট, সাতক্ষীরা, কুষ্টিয়া, মেহেরপুর, বরগুনা, সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ।

চলমান পাতা - ২

৩.	অফিস সহায়ক গ্রেড - ২০ (৮২৫০ - ২০০১০)	০৬ (ছয়) টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, টাঙ্গাইল, ময়মনসিংহ, নেত্রকোণা, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়ীয়া, খাগড়াছড়ি, নোয়াখালী, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, জয়পুরহাট, সিরাজগঞ্জ, নাটোর, বগুড়া, রংপুর, দিনাজপুর, লালমনিরহাট, পঞ্চগড়, ঠাকুরগাঁও, খুলনা, মাগুরা, কুষ্টিয়া, মেহেরপুর, ভোলা, বরগুনা।
----	---	----------------	---	--

নিম্নলিখিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :

১. ১৫/১০/২০২২খ্রি: তারিখে সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি <http://coarevland.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ১৫/০৯/২০২২খ্রি: সকাল- ১০.০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ১৫/১০/২০২২খ্রি:, বিকাল ০৫-০০ ঘটিকা । উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঞ্জিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঞ্জিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।



৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঞ্জিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ পরীক্ষার ফি বাবদ ১ ও ২নং ক্রমিকের জন্য ১০০/- টাকা এবং টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ১২.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৩নং ক্রমিকের জন্য ৫০/- টাকা এবং টেলিটকের এর সার্ভিস চার্জ বাবদ ৬.০০ টাকা, (অফেরত যোগ্য) মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।

প্রথম SMS: COAREVLAND<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: COAREVLAND ABCDEF

Reply: Applicant's Name, Tk- 112 / 56 (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type <Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: COAREVLAND<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: COAREVLAND YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://coarevland.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঞ্জিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নলিখিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) **User ID** জানা থাকলে:

COAREVLAND<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: COAREVLAND Help User ABCDEF & send to 16222.

(ii) **PIN Number** জানা থাকলে:

COAREVLAND<space>Help<space>PIN<space>PIN No & send to 16222.

Example: COAREVLAND Help PIN 12345678 & send to 16222.

বা) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

এ) পত্রিকা ছাড়াও হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর ভূমি মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ওয়েবসাইট www.coa-revenue.gov.bd নোটিশবোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল <https://alljobs.teletalk.com.bd> ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.coa-revenue.gov.bd ওয়েবসাইট এবং নোটিশবোর্ডে হতে জানা যাবে।



ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ <https://www.facebook.com/alljobsbdTeletalk> এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: COAREVLAND, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই :

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং- ১ -৬) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শণপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)।
২. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ািলপি।
৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
৫. জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।
৬. Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

৫. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরের ওয়েবসাইটে পাওয়া যাবে।


৬. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৭. নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।



(মো: মশিউর রহমান)
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।